

একটি নিবেদন



লেখিকাঃ মিতা দাস

পরিচিতিঃ A graduate student in Mathematics at the University of Missouri, Mita takes a lot of interest in the creative and performing arts like drawing, pottery, writing, singing, reciting poetries and acting. Mita has always been actively involved in Bengali communities and Indian associations in places she has lived so far. She believes in letting people around us know 'INDIA', the richness of Indian culture, depth of India's spirituality starting from our ancient civilizations. Currently, Mita is the president of 'The Vedic Society', an active student organization at her university.

পালকির সমস্ত পাঠক এবং অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে সহসম্পাদিকা মিতা দাসের নিবেদনঃ

পালকি মানেই নয়তো শুধু হুম হুনা আর হুম হুনা,
পালকি দিয়ে তোমার আমার কৃষ্টি কলাও যায় চেনা।
দেশ বিদেশের লোক জনেরই লেখায় আঁকায় ভরপুর;
বেশ কেটে যায় শারদীয়ার আমেজ ভরা সব দুপুর।
এই বারেতে বাড়ল আরো কচি কাঁচার বিভাগটা,
এদের মাঝেই হবে যে কেউ ভবিষ্যতের 'কেউকেটা'।

জীবন ধারণ, হাঁদুর দৌড়,
বলছি সবাই 'গিভমি মোর'!
মাবাখানেতে একটু ব্রেক,
একটু থেমে মনন চেক।

মনটি খুলে লিখতে পড়তে, বলতে, আঁকতে চাওকি?
তার জন্য এই তো আছে, সবার আপন পালকি।